কোটেশনের মাধ্যমে সেবা ক্রয়ের অনুরোধ জ্ঞাপনপত্রের দলিল (এসআরএফকিউ)

For Procurement of Services

(Request for Quotation Method)

"কর্মকর্তা/ কর্মচারীগণের গ্রুপ বীমা করন"

ISO 9001:2015 Certified

দরপত্র নম্বরঃ- ২৯/২০২৪-২৫

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
কাশিনাথপুর, পাবনা।

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

ফোনঃ অফিস ঃ ০২৫৮৮৮৮১৮৮

ISO 9001:2015 CERTIFIED

E-Mail: gmppbs2@gmail.com,Web Site: www.pbs2.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০১.০৩৮.২৫. ১০৭৭

তারিখঃ ১০ মার্চ, ২০২৫ খ্রিঃ। / ২৫ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ।

দরপত্র বিজ্ঞপ্তি

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ কর্মরত ৩১৮ জন কর্মকর্তা/ কর্মচারীর গ্রুপ বীমা করণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইসেন্স প্রাপ্ত বীমা কোম্পানীর নিকট হতে নিম্নোক্ত বর্ণনা অনুযায়ী নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	বীমার বিবরণ	বীমাভুক্ত কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা	মোট বীমা অংক	বাৎসরিক প্রিমিয়াম	
				একক প্রিমিয়াম টাকা (হাজারে)	মোট প্রিমিয়াম টাকা (হাজার)
২১-২০২৪-২৫	গ্রুপ বীমাঃ মূল বীমাঃ- গ্রুপ সাময়িক জীবন বীমা (GT/সর্বপ্রকার মৃত্যুর ঝুকি) সহযোগী বীমাঃ-দূর্ঘটনায় মৃত্যুতে দ্বিগুণ ক্ষতিপূরণ বীমা (ADB) স্থায়ী এবং সম্পূর্ণ অক্ষমতা (পঙ্গুত্ব) সুবিধা (PTD) স্থায়ী এবং আংশিক অক্ষমতা (অঙ্গহানী) সুবিধা (PPD) বীমা অংক হবে প্রত্যেক কর্মকর্তা এবং কর্মচারীর ২৪ মাসের মূল বেতনের সমপরিমাণ অথবা সর্বোচ্চ ৫ লক্ষ টাকা এর মধ্যে যাহা কম।	৩১৮ জন	১৫,৬২,৩০,০৮০.০০		

শর্তাবলীঃ

০১॥ আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন উল্লেখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট www.pbs2.pabna.gov.bd এ দেখতে পাবেন।

০২॥ দরপত্র আগামী ১৬/০৩/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, কাশীনাথপুর, পাবনা এর টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিনে বেলা ১১.০৫ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০৩॥ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহর ও স্বাক্ষর সংযুক্ত করে খামে সীলগালা করে দর পত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ এবং ভ্যাট নিবন্ধন সংক্রান্ত দালিলিক প্রমানাদি এবং আর্থিক স্বচ্ছলতার সমর্থনে ব্যাংকের সত্যায়িত সনদপত্র ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৪॥ ভ্যাট সংক্রান্ত সরকারি নিয়মাবলী প্রযোজ্য হবে। গ্রুপ বীমা পলিসির শর্তাদি যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

০৫॥ দরপত্রের খামের উপর কর্মকর্তা /কর্মচারীগনের গ্রুপ বীমা করনণের দরপত্র কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৬॥ দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে /ব্যাখ্যার প্রয়োজন হলে নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে সমিতির প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে। ।

০৭॥ বীমা চুক্তি পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য করা হবে। উল্লেখ্য যে, এক বৎসর পর পর চুক্তি নবায়ন করা হবে।

০৮॥ গ্রুপ জীবন বীমা, গ্রুপ সাময়িক জীবন বীমা (জিটি) অন্তর্ভূক্ত থাকতে হবে।

০৯॥ দরপত্রে উদ্ধৃত এককদর ও মোটদর স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। কোন প্রকার কারণ দর্শনো ব্যতিরেকে যে কোন /সকল দরপত্র গ্রহণ / বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১০॥ অসম্পুর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১১॥ দূর্ঘটনা জনিত মৃত্যুতে দ্বিগুণ ক্ষতিপূরণ, দূর্ঘটনা জনিত কারনণ স্থায়ী এবং আংশিক অক্ষমতা জনিত ক্ষতিপূরণ সুবিধা অন্তর্ভুক্ত থাকতে হবে।

১২॥ বীমাকৃত কর্মকর্তা /কর্মচারীর মৃত্যুতে গ্রুপ দাবী পরিশোধ করতে হবে।

১৩॥ বীমাকৃত যে কোন কর্মকর্তা /কর্মচারীকে সার্বক্ষনিক বীমা নিরাপত্তা প্রদান করতে হবে।

১৪॥ বীমা চুক্তির মেয়াদে নতুন কর্মকর্তা / কর্মচারীকে বীমাভূক্ত করার সুযোগ থাকতে হবে।

১৫॥ কার্যসম্পাদনের শেষে বিল দাখিল স্বাপেক্ষে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৬॥ সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বীমা চুক্তি সম্পাদন করতে হবে। উল্লেখ্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বাংলা ভাষায় বীমা চুক্তি সম্পাদন করতে হবে অথবা বাংলা ও ইংরেজী উভয় ভাষায় বীমা চুক্তি সম্পাদন করতে হবে।

১৭॥ শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে সমিতি ব্যবস্থাপনার সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

10.03.25

(মোঃ সাহিদুল ইসলাম)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)

অনুলিপিঃ (বহুল প্রচারের নিমিত্ত আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বপবিবোর্ড, ঢাকা।
০২। জেলা প্রশাসক, পাবনা।
০৩। পুলিশ সুপার, পাবনা।
০৪। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, পাবনা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার ---------------পবিস-১/২/৩/৪।
০৬। ডিজিএম, বেড়া/(সদর দপ্তর-কারিগরী)/আতাইকুলা/সুজানগর/ জোনাল অফিস, পাবনা পবিস-২
০৭। এজিএম (অর্থ/ এমএস/ ওএন্ডএম/ ইএন্ডসি/আইটি) সাঁথিয়া/ বাঁধেরহাট/শ্রীপুর সাব জোঃ অঃ, পাবনা পবিস-২।
০৮। সহকারী প্রকৌশলী, বাপবিবো , পাবনা।
০৯। মেসার্স------------------------------।
১০। নোটিশ বোর্ড, পাবনা পবিস-২।
১১। অফিস কপি/মাষ্টার কপি।

10.03.25

(মোঃ সাহিদুল ইসলাম)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)

কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের আদর্শ দলিলের ব্যবহার নির্দেশিকাঃ

১. কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের আদর্শ দলিল (এসআরএফকিউ) ব্যবহার করে স্বল্পমূল্যের সাধারণ ও সহজলভ্য পণ্য, ইতোমধ্যে প্রস্তুত সেলফে মজুদকৃত পণ্য এবং সংশ্লিষ্ট সেবাক্রয়ের জন্য কোটেশনের দলিল প্রস্তুতিতে ক্রয়কারীকে সহায়তা প্রদানের জন্য সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) কর্তৃক এ নির্দেশনাবলী প্রণয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬-এর সম্পূরক হিসেবে প্রণীত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর প্রতি মনোযোগ আকর্ষন করা হলো, যা সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) এর ওয়েবসাইট (website: http://www.cptu.gov.bd)-এ প্রাপ্তিসাধ্য করা হয়েছে। ক্রয়কারী এবং কোটেশনদাতা উভয়ের জন্য এই নির্দেশনাবলী অনুসরণীয় হবে।

২. কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) (RFQM) অধীনে ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৩২ এর সংস্থান অনুযায়ী জারিকৃত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯ থেকে ৭৩-এর বিধানবলী অনুসরণ করতে হবে। কোটেশন প্রদানের আদর্শ অনুরোধজ্ঞাপনপত্র (এসআরএফকিউ) সর্বোত্তম জাতীয় চর্চার/অনুশীলনের উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে, যা ক্রয়ের সুনির্দিষ্ট চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

৩. ক্রয়কারী পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধি ৬৯(৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পদ্ধতির (আরএফকিউএম) অধীনে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য একজন কোটেশনদাতা (সরবরাহকারী) নির্বাচনের ক্ষেত্রে কোটেশন প্রদানের আদর্শ অনুরোধজ্ঞাপন দলিল (এসআরএফকিউ) (পিজি ১) ব্যবহার করবে।

৪. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(১) এবং ৭১(২) অনুসারে চিঠি, ফ্যাক্স এবং ইলেকট্রনিক মেইলের মাধ্যমে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) আহবান করতে হবে। কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) পত্র আহ্বানে দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হবে না, কিন্তু ন্যূনতম প্রচারের জন্য ক্রয়কারী বিজ্ঞাপন তার নোটিশ বোর্ডে টাঙানোসহ ওয়েবসাইটে (যদি থাকে) প্রকাশ করবে এবং প্রচারের জন্য অনুরোধ করে কাছাকাছি অন্যান্য ক্রয়কারী সংস্থার প্রশাসনিক বিভাগের নিকট পাঠাবে।

৫. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৩) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন দলিল (আরএফকিউ) সম্ভাব্য কোটেশনদাতাদের বিনামূল্যে প্রদান বা প্রাপ্তিসাধ্য করতে হবে।

৬. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুযায়ী কোটেশন আহবানের তারিখ হইতে দাখিলের সময়সীমা অনধিক ১০ (দশ) দিনের বেশি হবে না।

৭. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এ বিধি ৭০(৬) অনুসারে কোনো কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হবে না।

৮. কোটেশন দাখিল, উন্মুক্তকরণ এবং মূল্যায়ন যথাক্রমে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধি ৭২(১), বিধি ৭২(২) এবং বিধি ৭৩(১) অনুসারে করতে হবে, যা কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপনপত্রে (আরএফকিউ) সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকবে ।

৯. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭০(৪) অনুসারে মূল্যায়নের নির্ণায়কসমূহ কোটেশন জ্ঞাপনের দলিলে অন্তর্ভুক্ত থাকবে।

১০. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(৫) অনুসারে ইতোমধ্যে প্রস্তুতকৃত স্বল্পমূল্যের সহজলভ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবার কোটেশন সাধারণত 'একক দর' এর ভিত্তিতে হবে।

১১. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিনির্দেশ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ২৯ অনুসারে প্রণয়ন করতে হবে।

১২. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(৪)(ক) অনুসারে কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পদ্ধতি প্রয়োগের জন্য বৃহদাকার ক্রয়কে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করা যাবে না।

১৩. মূল্যায়ন কমিটির সুপারিশ এবং তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনের পর ক্রয়কারী পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭৩(৫) অনুসারে সফল কোটেশনদাতার অনুকূলে ক্রয় আদেশ জারি করবে।

১৪. ওয়ারেন্টির সময়সীমা প্রযোজ্য ক্ষেত্রে সাধারণতঃ ৩ থেকে ৬ মাস পর্যন্ত রাখা যেতে পারে।

১৫. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪৩ অনুসারে ক্রয়কারীকে অধিকন্তু: ক্রয় প্রক্রিয়াকরণের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

প্রতি,
জেনারেল ম্যানেজার
পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
কাশিনাথপুর, পাবনা।

সূত্রঃ দরপত্র আহবানের স্মারক নং : ২৭.১২.৭৬৭২.৫০৮.০১.০৩৮.২৫. , তারিখ: ১০/০৩/২৫খ্রিঃ।

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মকর্তা/কর্মচারীগণের গ্রুপ বীমা" করণের জন্য কোটেশন প্রদানের প্রস্তাব করছি।

আমার /আমাদের কোটেশনের মোট মূল্য------------------------------ কথায়--

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার /আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোন দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত, বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমার /আমরা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের /নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একের অধিক কোটেশন দাখিল করিনি। আমি / আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ১০/০৩/২০২৫ খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (RFQ) দলিল পত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর

তারিখ:

বীমা নবায়ন এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

ক্রমিক নং	কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা	মোট বীমা অংক	প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার	মোট বার্ষিক প্রিমিয়াম	সেবা সরবরাহের গন্তব্য
১	২	৩	৪	৫	৬
০১	৩১৮ জন	১৫,৬২,৩০,০৮০.০০			পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কাশিনাথপুর, পাবনা
সরবরাহকৃত সেবা/পণ্যের মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সব ধরনের ট্যাক্সসহ নিম্নোক্ত ২ নং নোট দেখুন)			অংকে		
			কথায়		

পত্র প্রেরণের ঠিকানা	পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কাশিনাথপুর, পাবনা
মোট মূল্য টাকায়ঃ--- কথায়--	[উপরোল্লিখিত তফশীলের ০৫ নম্বর কলামে উল্লেখিত সংশ্লিষ্ট সেবা কাজের জন্য মোট মূল্য ---
প্রস্তাবিত সেবা সরবরাহ সময় (দিন উল্লেখ করুন, ক্রয় আদেশ জারির তারিখ থেকে)	

আমি/আমাদের দ্বারা এই মূল্য তফশীলে ----------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে।

আমার/আমাদের প্রস্তাব -------------------খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর	তারিখ:---------------------------------------
কোটেশনদাতার নাম	

টাকাঃ...

০১। কলাম ১,২,৩ ও ৬ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৪ ও ৫ কোটেশনদাতা পূরণ করবে।

০২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পরিবহণ দর ক্রয়কারীর গ্রহণযোগ্য সরবরাহ এবং সংশ্লিষ্ট পরিবহণের স্থানে সর্বোতভাবে পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সব ধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভূক্ত থাকবে।

আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

ক্রমিক নম্বর	পণ্য/সেবার বিবরণ	পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান	উৎস দেশের নাম
১	২	৩	৪

আমি /আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর	তারিখ:
কোটেশন দাতার নাম	

"পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মকর্তা/কর্মচারীগণের গ্রুপ বীমা করণের কার্যাদেশ ।

স্মারক নং : ২৭.১২.৭৬৭২.৫০৮.০১.০৩৮.২৫.   তারিখ: -------------------------খ্রিঃ।

দরপত্র নম্বর ২৯/২০২৪-২০২৫	তারিখ:
প্রতি: [সরবরাহকারীর নাম ও ঠিকানা] -------------------------------	
সরবাহের তারিখ:------------------------------------	ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা---------------------------
সরবরাহ : শর্তানুযায়ী	

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী ----------------------------তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবা সমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

ক্রয়াদেশকৃত পণ্য/সেবাসমূহ
পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের(সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।
ক্রেতার জন্য: জেনারেল ম্যানেজার পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কাশিনাথপুর, পাবনা।
তারিখ:

সংযুক্তিসমুহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক।

পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী:

১. চুক্তি পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয় আদেশ জারি হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গাত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ায় অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীনে সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবেন এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি সরবরাহকৃত সেবা ক্ষেত্রে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী সেবার প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক,লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে------------------------কথায়--।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ প্রযোজ্য নয়।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধ্যকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষ্যের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়বদ্ধ রাখবে।

১৫. সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবারহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৭. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৮. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরবাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগীতায় বা সরবরাহ হতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি , প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধ্যকতা পূরণে ব্যর্থ হলে।

১৯. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২০. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

জেনারেল ম্যানেজার পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২	সরবরাহকারীর জন্য নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর
তারিখ:	তারিখ: